

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 03.12.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্য সরকার বিভিন্ন দণ্ডে স্থায়ী ও চুক্তিভুক্তি মিলিয়ে শূন্য পদে প্রায় দেড় হাজার লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।
- ২) বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার অসহযোগিতার কারণে রাজ্যের প্রায় ১০ লক্ষ পরিবার বা ৫০ লক্ষ মানুষ জল জীবন মিশন প্রকল্পের পরিষেবা থেকে বাঞ্ছিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।
- ৩) ওয়াকফ আইন নিয়ে রাজ্য বিধানসভায় আনা প্রস্তাবের ওপর আজও আলোচনা চলবে।
- ৪) প্রধানমন্ত্রী আজ নতুন তিনটি ফৌজদারী আইন, জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।
- ৫) কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে কর ভাগাভাগি সহ বিভিন্ন বিষয়ে ঘোড়শ অর্থ কমিশনের সদস্যরা আজ রাজ্য সরকারের সঙ্গে বৈঠকে বসছেন।
- ৬) প্রবীণ সিপিআইএম নেতা হাওড়া পুর নিগমের প্রাক্তন মেয়র স্বদেশ চক্রবর্তী প্রয়াত।
- ৭) ঘূর্ণিঝড়ের পরক্ষ প্রভাব কেটে গিয়ে রাজ্যে আজ থেকে তাপমাত্রাও কমার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে স্থায়ী ও চুক্তিভিত্তিক মিলিয়ে শূন্য পদে প্রায় দেড় হাজার লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিতে গতকাল বিধানসভায় রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়। এরমধ্যে ৬৪ জন পরিবেশ বন্ধু সহ মোট সাতশো জন পুর দপ্তরে এবং চুক্তিভিত্তিক ও স্থায়ী কর্মচারী মিলিয়ে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরে ৫৮৩ জন জুনিয়র ইঞ্জিনিয়ার নেওয়া হবে। এছাড়াও গোটা রাজ্যে প্রতিটি মহকুমার সমস্ত পুলিশ এলাকায় একজন করে আইনজীবী নিয়োগ সংক্রান্ত একটি প্রস্তাবও আজকের বৈঠকে গৃহীত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ডিভিসি, রেল-সহ বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার অসহযোগিতার কারণে রাজ্যের প্রায় ১০ লক্ষ পরিবার বা ৫০ লক্ষ মানুষ জল জীবন মিশন প্রকল্পের বাড়ি বাড়ি পানীয় জলের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। বিধানসভা থেকে গতকাল সংশ্লিষ্ট দফতর ও জেলাশাসকদের সঙ্গে ওই প্রকল্পের অগ্রগতি নিয়ে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সেখানে তিনি বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরে ওই কেন্দ্রীয় সংস্থাগুলির বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ তোলেন। অবিলম্বে ওই সব সংস্থার সঙ্গে বৈঠক করে সমস্যার সামধানের জন্য তিনি মুখ্যসচিব মনোজ পন্তকে নির্দেশ দেন।

এ প্রসঙ্গে দামোদর ভ্যালি কর্পোরেশনের সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, ডিভিসি শুধু বন্যার জল ছাড়তে জানে, খাবার জল দেয় না। তাদের জন্য প্রায় ৪ লক্ষ পরিবার পানীয় জল পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলেও মুখ্যমন্ত্রীর অভিযোগ।

এদিকে, জল চুরি রুখতেও কঠোর পদক্ষেপ নিতে মুখ্যসচিবকে নির্দেশ দেন। যে সব ঠিকাদার সংস্থা ঠিকমত কাজ করছেনা তাঁদের কালো তালিকা ভুক্ত করারও কথা

বলেন তিনি। এখন থেকে প্রতি সপ্তাহে সোমবার জল প্রকল্পের অগ্রগতি নিজে খতিয়ে দেখবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের চাহিদা মিটলে তবেই অন্য রাজ্য আলু পাঠানোর অনুমতি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ফের স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন। রাজ্য আলু ও পেঁয়াজের মূল্য বৃদ্ধি নিয়ে গতকাল বিধানসভায় তিনি ক্ষেত্র প্রকাশ করে বলেন। মুখ্যমন্ত্রী বলেন। আলু উৎপাদনে রাজ্য দেশের মধ্যে দ্বিতীয় স্থানে থাকলেও কিছু ব্যবসায়ী তা বাইরে পাঠিয়ে দিচ্ছে। পেঁয়াজের ক্ষেত্রেও সম্প্রতি এই প্রবণতা দেখা যাচ্ছে। ভিনরাজ্য আলু ও পেঁয়াজ পাঠানোর ক্ষেত্রে রাজ্যের সার্থকে অগ্রাধিকার দিতে হবে বলে তিনি স্পষ্ট জানান।

এদিকে, কৃত্রিমভাবে অভাব সৃষ্টির উদ্দেশ্যে কর্মবিরতি করলে রাজ্য সরকার আলু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেবে বলে জানিয়েছে।

এদিকে, কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না আজ বিধানসভার বাইরে সাংবাদিকদের বলেন, হিমঘরগুলিতে বর্তমানে ছয় লক্ষ দুই হাজার মেট্রিক টন আলু মজুত রয়েছে। চলতি বছরের বাকি দিনগুলিতে রাজ্যের চাহিদা মেটানোর পক্ষে তা যথেষ্ট। কৃত্রিমভাবে চাহিদা সৃষ্টি করার জন্য ৪০ জন ব্যবসায়ীকে চিহ্নিত করা হয়েছে। তার অভিযোগ, চাষীদের কাছ থেকে আলু কেনার সময় ৫০ কেজির ব্যাগ পিছু ৩০০ টাকা করে লাভ করার পরেও তারা আলু নিয়ে কালোবাজারি করার চেষ্টা করছে। রাজ্য সরকার কোনোভাবেই এটা বরদাস্ত করবে না বলেও মন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভায় কেন্দ্রের ওয়াকফ সম্পত্তি আইনের সংশোধনী বিলের বিরোধিতা করে আনা প্রস্তাবের ওপর আজও আলোচনা চলবে। গতকাল আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, একটি মাত্র সম্প্রদায়ের উপর বিরাগের কারণে এই ওয়াকফ সম্পত্তি আইনের সংশোধনী আনা হয়েছে। কেন্দ্রের আনা ওয়াকফ

সম্পত্তি আইনের সংশোধনী বিলের বিরোধিতা করে তিনি আরও বলেন, সব ধর্মাবলম্বীদের তাদের নিজ নিজ ধর্ম পালনের অধিকার রয়েছে। কোনো একটি ধর্মকে পছন্দ করি না বলে বিভেদ করা উচিত নয়। রাজনীতির উর্ধ্বে উঠে মানুষের জন্য কাজ করতে হবে। এ রাজ্যে ধর্মের ভিত্তিতে বিভেদ করা হয় না বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

এই প্রসঙ্গে তিনি বলেন, সংখ্যাগুরুদের সর্বদা সংখ্যা লঘুদের স্বার্থরক্ষা করা উচিত। অপরদিকে সংখ্যালঘুদেরও তাদের সম্মান করা দরকার বলে তিনি মনে করেন।

বিলটি উত্থাপনের আগে বিরোধী রাজনৈতিক দল সহ সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করা উচিত ছিল বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন। পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় প্রস্তাবটি সভায় উত্থাপন করেন। আলোচনায় অংশ নেন মন্ত্রী ব্রাত বসু, বিজেপি বিধায়ক শংকর ঘোষ প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ, সফলভাবে প্রযুক্তি তিনটি নতুন ফৌজদারি আইন - ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও সাক্ষ্য অধিনিয়ম জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন। বর্তমান সমাজের প্রয়োজন অনুযায়ী দেশের বিচারব্যবস্থাকে আরও স্বচ্ছ, কার্যকরী ও গ্রহণযোগ্য করে তুলতে চলতি বছরের পয়লা জুলাই থেকে নতুন ফৌজদারি আইনগুলি দেশজুড়ে বলবৎ হয়েছে।

চগ্নীগড়ে এই উপলক্ষে শাস্তি থেকে ন্যায় বিচার শীর্ষক এক অনুষ্ঠানে আইনগুলির বাস্তব প্রয়োগ ব্যাখ্যা করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে কর, রাজস্ব ভাগাভাগির হার, প্রাথমিক চিকিৎসা, পানীয় জল খাতে অর্থ মঞ্জুরি সহ বিভিন্ন বরাদ্দ সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে কেন্দ্রের ঘোড়শ অর্থ কমিশনের সদস্যরা রাজ্যে আসছেন। আজ কমিশনের প্রতিনিধিরা

মুখ্যসচিব মনোজ পন্ত, অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, অর্থ সচিব প্রভাত মিশ্র র সঙ্গে বৈঠক করবেন। পরে এক সাংবাদিক বৈঠকের ডাক দেওয়া হয়েছে। পঞ্চদশ অর্থ কমিশন রাজ্যের জন্যে যে অর্থ বরাদ্দ করেছিল তার হিসেব নিয়ে কথা হতে পারে।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকার, নীতি আয়োগের প্রাক্তন ভাইস চেয়ারম্যান অরবিন্দ পানাগারিয়ার নেতৃত্বে মোট ৫ সদস্যর যে ষোড়শ অর্থ কমিশন গঠন করেছে আগামী অক্টোবর মাসের মধ্যে তাদের সুপারিশ পেশ করতে বলা হয়েছে। ২০২৬-২৭ অর্থ বছর থেকে সেই সুপারিশ কার্যকর হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পি এম পোষন প্রকল্পে বরাদ্দ বৃদ্ধির কেন্দ্রীয় নেটিশের ভিত্তিতে রাজ্য ম্যাচিং অর্ডার প্রকাশ করেছে। সেই অনুসারে Bal Vatika এবং প্রাইমারীর ক্ষেত্রে মাথা পিছু বর্ধিত অর্থের কেন্দ্রীয় সরকার তিন টাকা ৭১ পয়সা ও রাজ্য সরকার দু টাকা ৪৮ পয়সা বরাদ্দ করছে। আপার প্রাইমারী র ক্ষেত্রে মাথা পিছু বর্ধিত অর্থের কেন্দ্রীয় সরকার ৫ টাকা ৫৭ পয়সা ও রাজ্য সরকার তিন টাকা ৭২ পয়সা বরাদ্দ করা হয়েছে।

উল্লেখ্য, পি এম পোষণে গত ২৭ নভেম্বর প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে Bal Vatika এবং প্রাথমিকের ক্ষেত্রে ৫ টাকা ৪৫ পয়সা থেকে বেড়ে ৬ টাকা ১৯ পয়সা এবং উচ্চ প্রাথমিকের ক্ষেত্রে মাথা পিছু ৮ টাকা ১৭ পয়সা থেকে বেড়ে ৯ টাকা ২৯ পয়সা করা হয়।

এদিকে, এই ব্যয় বরাদ্দ নিয়ে শিক্ষানুরাগী এক্য মন্ত্রের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, কেন্দ্রের বঞ্চনার জন্য অনেক ক্ষেত্রেই রাজ্য সরকার নিজের ফান্ড থেকে অতিরিক্ত ব্যয় করেছে। তবে মিড ডে মিলের মতো বিষয়ে রাজ্য কেন অতিরিক্ত ব্যয় বরাদ্দ করতে পারলো না সেই প্রশ্ন তোলেন তিনি। এ ব্যাপারে রাজ্য সরকারের মানবিক ভূমিকা আশা করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

আবাস যোজনার তালিকায় নাম না থাকায় জলপাইগুড়ির ধূপগুড়ি রুকের গাদং এক নম্বর পঞ্চায়েতে পূর্বজাঙ্গা পাড়ার বাসিন্দা ৮৪ বছরের ধনেশ্বর রায় তাঁর স্ত্রীকে নিয়ে ধূপগুড়ি বিডিও অফিসে ধর্নায় বসেছেন। এই বয়সেও ভ্যান রিস্কা চালিয়ে জীবিকা নির্বাহ করা ধনেশ্বরাবুর অভিযোগ তালিকায় তাঁর নাম থাকা সত্ত্বেও, তা কেটে দেওয়া হয়েছে। কেন নাম কেটে দেওয়া হলো তা জানতেই তিনি বিডিও-র দ্বারস্থ হয়েছেন।

বিডিও সঞ্জয় প্রধান অবশ্য জানিয়েছেন, গাইড লাইন মেনেই সব করা হয়েছে।

এদিকে, আবাস যোজনায় দুর্নীতির অভিযোগ তুলে পুরুলিয়ার হৃড়ার দলদলি গ্রাম পঞ্চায়েতে গতকাল নাগরিক মঞ্চের সদস্যরা বিক্ষোভ দেখান। ন্যায্য প্রাপকদের নাম তালিকায় সংযোজনের দাবি তোলার পাশাপাশি তাদের অভিযোগ ওই তালিকায় শাসক দলের মদতে অযোগ্যরা সরকারী বাড়ি পেয়েছেন। যদিও অভিযোগ অস্বীকার করে তৃণমূল কংগ্রেস পরিচালিত হৃড়া পঞ্চায়েত সমিতির সভাপতি প্রসেনজিঁ মাহাতো বলেন, সমস্ত নির্দেশিকা মেনেই তালিকা তৈরি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মজা নদী সংস্কার, সরকারি জলাশয়ের নিলাম বন্ধ করে তা ক্ষুদ্র মৎস্যজীবীদের ব্যবহারের স্বত্ত্ব প্রদান, সব নদী দূষণমুক্ত করা সহ ১৩ দফা দাবি নিয়ে ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্যজীবীদের সংগঠন দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম ফ্রেজারগঞ্জ থেকে ফারাক্কা জল পথে নৌপ্রচার অভিযান শুরু করেছে। মৎস্যজীবী অধিকারযাত্রার গতকাল ছিল সপ্তম দিন।

বিকেলে কলকাতায় পৌঁছে প্রেসক্লাবে এক সাংবাদিক বৈঠকে সংগঠনের সম্পাদক মিলন দাস বলেন, দেশের আশি কোটিরও বেশি মানুষের কাছে সন্তায় সবথেকে ভালো প্রাণীজ প্রোটিন- মাছ এই প্রান্তিক মৎস্যজীবীরা যোগান দেন। অথচ, তাদের অধিকার রক্ষার ক্ষেত্রে প্রশাসন সর্বদা উদাসীন থাকে। বেশিরভাগ মৎস্যজীবীর জমির পাটা না থাকায় উন্নয়নের নামে যেকোনো সময় তাদের উৎখাত করা হয়।

(বাইট - মিলন দাস)

০০০০০০০০০০০০০০০০০০০

প্রবীণ সিপিআইএম নেতা হাওড়া পুর নিগমের প্রাক্তন মেয়র স্বদেশ চক্রবর্তী প্রয়াত। গত সন্ধ্যায় অশীতিপর এই নেতা সালকিয়ায় নিজের বাড়িতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বেশকিছু দিন ধরে তিনি বার্ধ্যজনিত সমস্যায় ভুগছিলেন।

ছাত্র আন্দোলনের মধ্য দিয়ে রাজনীতিতে যোগদান স্বদেশ চক্রবর্তীর। ১৯৬৩ সালে তিনি দলের সদস্য পদ লাভ করেন। ১৯৭১-এ দলের হাওড়া জেলা কমিটি এবং ১৯৭৯-তে জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য নির্বাচিত হন। ১৯৮৯ থেকে ৯৮ সাল পর্যন্ত ছিলেন হাওড়া পুরনিগমের মেয়র। ১৯৯৯ থেকে ২০০৯ পর্যন্ত হাওড়া সদর লোকসভা কেন্দ্র থেকে সাংসদও নির্বাচিত হয়েছিলেন। দলীয় সূত্রে জানা গেছে, আজ সকালে তাঁর মরদেহ সি পি আই এম-এর জেলা সদর দফতরে নিয়ে যাওয়া হবে। সেখানে জনগণের শুন্দা নিবেদনের পর সালকিয়ায় ত্রিপুরা রায় লেনে দলীয় কার্যালয় হয়ে নিয়ে যাওয়া হবে বাঁধাঘাটে। সেখানেই তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর দিনাজপুরের রায়গঞ্জ শহর লাগোয়া সুভাষগঞ্জ এলাকায় ট্রেনে কাটা পড়ে প্রাক্তন পুলিশকর্তার মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে চাপ্টল্য ছড়ায়। শন্তু পাল নামে বছর ৬২-র ওই প্রাক্তন পুলিশকর্তার ক্ষতবিক্ষত মৃতদেহ উদ্বার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিকেল কলেজে পাঠিয়েছে রেল পুলিশ। রেল পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, রায়গঞ্জের কসবা ফোর্থ ব্যাটালিয়নের অ্যাসিস্ট্যান্ট কমান্ডান্ট পদে কর্মরত ছিলেন তিনি। পরিবারের সদস্যরা জানিয়েছেন, গতকাল ভোর পাঁচটা নাগাদ সাইকেল নিয়ে বাজারের নাম করে বাড়ি থেকে বেরোন তিনি। কাটিহারগামী লোকাল ট্রেনে কাটা পড়ে মৃত্যু হয় তাঁর।

এই ঘটনা আত্মহত্যা নাকি দুর্ঘটনা, তা নিয়ে তদন্ত শুরু করেছে রেল পুলিশ।

০০০০০০০০০০০০০০০০

নদীয়ার চাকদহর শিমুরালি তে একটি ভোজ্য তেলের গোডাউনে হানা দিয়ে জেলা এনফোর্সমেন্ট বিভাগ, বিপুল পরিমাণে ভেজাল সরিষার তেল বাজেয়ান্ত করেছে। ওই গুদাম থেকে 72 টিন সরিষার তেল, 15টি খালি টিন, 13শো গ্রাম রাসায়নিক, টিন সিল করবার জন্য লোগো, যন্ত্রপাতি উদ্ধার করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।
মালিক সন্তোষ কুমার সেন কে গ্রেপ্তার করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিঝড় ফেনজালের পরক্ষ প্রভাব কেটে গিয়ে রাজ্য আজ থেকে আকাশ পরিষ্কার হবে, তাপমাত্রাও নামবে বলে আবহাওয়া দণ্ডর পূর্বাভাষ দিয়েছে। সপ্তাহান্তে জাঁকিয়ে শীত পড়তে পারে দক্ষিণবঙ্গে।

আলিপুর আবহাওয়া দণ্ডের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস গত সন্ধ্যায় আকাশবাণীকে জানান -

বাইট (আবহাওয়া দণ্ড)

কলকাতায় আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক সাত ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা ৩ দশমিক ১ ডিগ্রী বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা অবশ্য ছিল স্বাভাবিকের প্রায় আড়াই ডিগ্রী নীচে ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলের মহামেডান স্পোর্টিং ১-৩ গোলে জামশেদপুর এফ সি, র কাছে পরাজিত হয়েছে। জামশেদপুরের জে আর ডি টাটা স্পোর্টস কম্প্লেক্সে গতকাল এই ম্যাচে বিজয়ী দলের পক্ষে মহম্মদ সানান, জেভিয়া সিভেরিয়ো, স্টিফেন এজে এবং মহামেডান স্পোর্টিং এর মহম্মদ ইরশাদ গোল করেছেন।

এই জয়ের সুবাদে জামশেদপুর এফ সি ৯ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার সপ্তম স্থানে উঠে এসেছে। সমসংখ্যক ম্যাচে দ্বাদশ স্থানে থাকা মহামেডান স্পোর্টিং এর পয়েন্ট পাঁচ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০